

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৯২

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ বিড়ালের উচ্ছিষ্ট।

### باب مَا جَاءَ فِي سُورِ الْهَرَّةِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مُوسَى الْأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ، عَنْ حُمَيْدَةَ بِنْتِ عُبَيْدِ بْنِ رِفَاعَةَ، عَنْ كَبْشَةَ بِنْتِ كَعْبِ بْنِ مَالِكٍ، وَكَانَتْ، عِنْدَ ابْنِ أَبِي قَتَادَةَ أَنَّ أَبَا قَتَادَةَ، دَخَلَ عَلَيْهَا . قَالَتْ فَسَكَبْتُ لَهُ وَضُوءًا قَالَتْ فَجَاءَتْ هِرَّةٌ تَشْرَبُ فَأَصْغَى لَهَا الْإِنَاءَ حَتَّى شَرِبَتْ قَالَتْ كَبْشَةُ فَرَأَنِي أَنْظُرُ إِلَيْهِ فَقَالَ أَعْجَبِينَ يَا بِنْتُ أَخِي فَقُلْتُ نَعَمْ . قَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " إِنَّهَا لَيْسَتْ بِنَجَسٍ إِنَّمَا هِيَ مِنَ الطَّوَّافِينَ عَلَيْكُمْ أَوْ الطَّوَّافَاتِ " . وَهُوَ قَوْلُ أَكْثَرِ الْعُلَمَاءِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ مِثْلَ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ لَمْ يَرَوْا بِسُورِ الْهَرَّةِ بَأْسًا . وَهَذَا أَحْسَنُ شَيْءٍ رُويَ فِي هَذَا الْبَابِ . وَقَدْ جَوَّدَ مَالِكٌ هَذَا الْحَدِيثَ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ وَلَمْ يَأْتِ بِهِ أَحَدٌ أَمَّ مِنْ مَالِكٍ .

বাংলা

৯২. ইসহাক ইবনু মুসা আনসারী (রহঃ) ..... আবু কাতাদর পুত্রবধূ কাবশা বিনত কা'ব ইবনু মালিক থেকে বর্ণিত আছে যে, আবু কাতাদা রাদিয়াল্লাহু আনহু একবার তার কাছে এলেন। কাবশা বলেনঃ আমি তাঁর উযু (ওজু/অজু/অযু)র পানি ঢেলে দিলাম। তিনি আরো বলেনঃ এমন সময় একটি বিড়াল এসে পানি পান করতে শুরু করল। আবু কাতাদা বিড়ালটির জন্য পানির পাত্রটি কাত করে ধরলেন। বিড়ালটি পরিতৃপ্ত হয়ে পানি পান করল। তিনি আমাকে আশ্চর্য হয়ে তাকিয়ে থাকতে দেখে বললেনঃ হে ভ্রাতুষ্পুত্র, তুমি এতে বিস্ময় প্রকাশ করছ! বললামঃ হ্যাঁ। তিনি বললেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বিড়ালের উচ্ছিষ্ট নাপাক নয়। কারণ বিড়াল তো তোমাদের আশেপাশেই ঘোরাফেরা করে। - ইবনু মাজাহ ৩৬৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৯২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা ও আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে ও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু ইসা তিরমিজী বলেনঃ এই হাদিসটি হাসান ও সহীহ। অধিকাংশ সাহাবী, তাবিঈ ও তৎপরবর্তী ইমামগণ যেমন শাফিঈ, আহমদ, ইসহাক প্রমুখের অভিমত এ-ই। তাঁরা বিড়ালের উচ্ছিষ্ট বস্তুতে কোন দোষ আছে বলে মনে করেন না। এই বিষয়ে এই হাদিসটাই সর্বোত্তম। ইসহাক ইবন আবদিল্লাহ ইবনু আবী তালহার সূত্রে ইমাম মালিক খুবই উত্তমরূপে এই হাদিসটির রিওয়াযাত করেছেন। ইমাম মালিকের চেয়ে পূর্ণাঙ্গরূপে আর কেউ এ হাদিসটির রিওয়াযাত করেননি।

## English

Humaidah bint Ubaid bin Rifa'ah narrated:

"Kabshah bint Ka'b bin Malik - she was (married) with Ibn Abi Qatadah - narrated "That Abu Qatadah visited her, [so she said:] 'So I poured water for him to use for Wudu.' She said: 'A cat came to drink, so he lowered he container until it drank.' Kabshah said: 'So he saw me looking at it and said, "O my niece! Are you surprised at that?" So I said yes. He said: "Indeed Allah's Messenger said 'It is not impure, it is only one of those roam around among you.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ কাবশা বিনতে কা'ব ইবনু মালিক

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16415>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন